**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-05-2025**

**Time: 07:54-08:00 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যের ভারত–বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা জোরদার করা হয়েছে।**

**(২) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় উদযাপিত।**

**(৩) প্রতিরক্ষা অভিযান এবং নিরাপত্তা বাহিনীর গতিবিধির সরাসরি সম্প্রচার থেকে বিরত থাকতে সকল গণমাধ্যম চ্যানেল, ডিজিটাল প্ল্যাটফর্ম ও জনগণের প্রতি নির্দেশ দিয়েছে সরকার।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরে শেষ দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে ।**

****************************************

**CM Meeting :**

রাজ্যের ভারত–বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা জোরদার করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে তাঁর সরকারি বাসভবনে নিরাপত্তা বাহিনীর উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে এক বৈঠক করেন। বৈঠকে রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের মহা নির্দেশক অনুরাগ সহ আসাম রাইফেলস, বিএসএফ, সিআরপিএফ এবং বিভিন্ন গোয়েন্দা বিভাগের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের বর্তমান উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে রাজ্যের সার্বিক নিরাপত্তার বিষয়ে আলোচনা হয়। রাজ্যের সমস্ত সীমান্তে কঠোর নজরদারি এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য মুখ্যমন্ত্রী আধিকারিক দের নির্দেশ দেন।

***************************

**PM, Rabindranath :**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মজয়ন্তী আজ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে দেশের সাহিত্য ও সাংস্কৃতিক ঐতিহ্য গঠনের জন্য রবীন্দ্রনাথ ঠাকুরকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে তাঁর রচনায় মানবতাবাদ গুরুত্ব পেয়েছে এবং জনগণের মধ্যে জাতীয়তাবাদের একটি শক্তিশালী অনুভূতি জাগিয়ে তোলে। প্রধানমন্ত্রী আরো বলেন, শিক্ষা ক্ষেত্রে, বিশেষ করে শান্তিনিকেতনের লালন-পালনের মাধ্যমে, রবীন্দ্রনাথের অবদান মহান অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে চলেছে।

****************************

**Rabindra Jayanti :**

আজ উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে রাজ্যভিত্তিক কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন মজুমদার, গোমতী জিলা পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, খুমলুং কলেজের অধ্যক্ষ মনীশ রুদ্র পাল, শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা উৎপল চক্রবর্তী, জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা রবীন্দ্র সংগীত, নৃত্য এবং গীতিনাট্য উপস্থাপন করে।

আজ সকালে উদয়পুর ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গনে কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানানো হয়। একই সঙ্গে, তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে জাতীয় সড়কের মাতাবাড়ি বাইপাস সংলগ্ন কবির প্রতিকৃতির সামনে অনুষ্ঠান হয়।

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ সকালে আগরতলার রবীন্দ্র কাননে অনুষ্ঠিত হয় প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান। রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ণাবয়ব মূর্তিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানান আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়িকা মিনা রানী সরকার, তথ্য সংস্কৃতি দপ্তরের বিশেষ

সচিব দেবপ্রিয় বর্ধন, হর্টিকালচারের চেয়ারম্যান জহর সাহা, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন ঝর্ণা দেববর্মা, বিশিষ্ট রবীন্দ্র সংগীত শিল্পী কমল বরণ চক্রবর্তী, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। অনুষ্ঠানে মেয়র  বলেন পরাধীন ভারত কে স্বাধীন করার ক্ষেত্রে রবীন্দ্রনাথ যেমন উৎসাহ জুগিয়েছেন আজকের দিনেও তিনি ততটা প্রাসঙ্গিক।  মেয়র বলেন রবীন্দ্রনাথকে নিয়ে যত বেশি চর্চা হবে সমাজ তত সমৃদ্ধ হবে।

বাংলা সংস্কৃতি বলয়, আগরতলা সংসদের উদ্যোগে আজ ভোরে আগরতলায় উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে এক শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে আজ ছন্দনীড়ের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ছাত্র-ছাত্রীদের রবীন্দ্র চর্চার পাশাপাশি তাঁর আদর্শে অনুপ্রাণিত হওয়ার আহ্বান জানান সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। আজ জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে চড়িলাম  অটল বিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আয়োজিত রবীন্দ্র জন্ম জয়ন্তীর সিপাহীজলা জেলা ভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনা ও প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে ছিলেন জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন খেলা ভৌমিক প্রমুখ।

দক্ষিণ জেলায় তথ্য ও  সংস্কৃতি দপ্তর এবং দক্ষিণ জিলা পরিষদের উদ্যোগে বিলোনিয়ার শিশু উদ্যানে  প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানে কবির প্রতিকৃতিতে মাল্যদান করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ ও অন্যান্যরা। সংস্কৃতি সমন্বয় কেন্দ্র ও ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে বিলোনিয়া শহরে কবি প্রণাম অনুষ্ঠানে বিধায়ক দীপংকর সেন রবীন্দ্রনাথের কবিতা পাঠ করেন। জেলার প্রতিটি সরকারি স্কুলে কবি প্রণাম অনুষ্ঠান হয় বলে জানান জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার। জোলাইবাড়ির বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পিলাক পাবলিক স্কুলেও হয় কবি প্রণাম অনুষ্ঠান।

খোয়াই তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং খোয়াই পুর পরিষদের সহায়তায় আজ খোয়াই পুরাতন টাউন হলে রবীন্দ্র জয়ন্তীর অনুষ্ঠানে খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান দেবাশীষ নাথ শর্মা, জেলা তথ্য আধিকারিক দীলিপ কুমার দেববর্মা, পুর কাউন্সিলার পীযুষ কান্তি চৌধুরী, নিবাস সাহা, খোয়াই পদ্মবিল ব্লকের চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনে জেলাভিত্তিক রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন। পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নীতিশ বিশ্বাস প্রমুখ।

*******************************

**MEA :**

গত রাতে লেহ থেকে সিরক্রিক পর্যন্ত ৩৬টি স্থানে প্রায় ৪০০টি ড্রোন ব্যবহার করে পাকিস্তান অনুপ্রবেশের চেষ্টা করেছিল। ভারতীয় সশস্ত্র বাহিনী গতিশীল এবং অ-গতিশীল উপায়ে এই ড্রোনগুলির অনেকগুলি গুলি করে ভূপাতিত করেছে।আজ নতুনদিল্লিতে, এবিষয়ে পররাষ্ট্র সচিব বিক্রম মিস্রি বিবৃতি দেন।

########Byte-Vikram Misri########

ভারতীয় সেনাবাহিনীর কর্নেল সোফিয়া কুরেশি জানান পাকিস্তানি সেনাবাহিনী সামরিক পরিকাঠামো লক্ষ্যবস্তু করার উদ্দেশ্যে সমগ্র পশ্চিম সীমান্তে বেশ কয়েকবার ভারতীয় আকাশসীমা লঙ্ঘন করেছে। তিনি বলেন, শুধু তাই নয়, তারা নিয়ন্ত্রণ রেখা বরাবর ভারী ক্যালিবার অস্ত্রও চালিয়েছে।

######Byte-Sophia Qureshi######

উইং কমান্ডার ব্যোমিকা সিং জানিয়েছেন যে পাকিস্তানি আক্রমণের প্রতিক্রিয়ায়, পাকিস্তানের চারটি বিমান প্রতিরক্ষা স্থানে ভারতীয় সশস্ত্র ড্রোনগুলি উৎক্ষেপণ করা হয়েছিল এবং একটি ড্রোন একটি এডি রাডার ধ্বংস করতে সক্ষম হয়।

######Byte-Vyomika Singh######

*************************************

**Super Four Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরে শেষ দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের টি আই টি মাঠে ওল্ড প্লে সেন্টারের বিরুদ্ধে দুদিনের খেলায় কসমোপলিটান ক্লাব প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭৮ রান করে। জবাবে ওল্ড প্লে সেন্টার প্রথম ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৭৬ রান করে। এদিকে, পি টি এ মাঠে দুদিনের অপর খেলায় পোলস্টার ক্লাবের বিরুদ্ধে ব্যাট করতে নেমে শতদল সংঘের প্রথম ইনিংসে ২১১ রান করে। জবাবে পোলস্টার ক্লাব প্রথম ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১৫৪ রান করে।

******************************